

সংবাদ

প্রতিদিন

কলকাতা ♦ ২০ জুন ২০১২ বুধবার ৫ আষাঢ় ১৪১৯ ♦ ৩.৫০ টাকা ♦ চোন্দো পাতা

www.sangbadpratidin.in, epratidin.in Printed simultaneously from Kolkata, Siliguri & Barjora

বৃত্তিমূলক শিক্ষায় এবার নয়া উদ্যোগ জর্জ টেলিগ্রাফের

স্টাফ রিপোর্টার : মধ্যমেধা ও মাঝারি মধ্যমেধার পড়ুয়াদের বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমে জীবনে সুপ্রতিষ্ঠিত করে তুলতে দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউটের সঙ্গে গাঁটছড়া বাঁধল ফিউচার শার্প স্কিল লিমিটেড। কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে ফিউচার গ্রুপের যৌথ উদ্যোগে তৈরি হয়েছে ফিউচার শার্প স্কিল লিমিটেড। মঙ্গলবার জর্জ টেলিগ্রাফ গ্রুপের অধিকর্তা সুরত দত্ত জানান, এক্ষেত্রে রিটেল, হসপিটালিটি ও অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং বিষয়গুলিতে প্রশিক্ষণ দেওয়া হবে। রাজ্যে কারিগরি শিক্ষায় শিক্ত দক্ষ কারিগরের প্রচুর অভাব রয়েছে। তাই প্রশিক্ষণের পর পড়ুয়াদের জন্য চাকরির সুযোগও করে দেওয়া হবে। এদিন গায়ক অনুপম রায়ের গাওয়া



জর্জ টেলিগ্রাফের থিম সঙ্গীত গাইছেন অনুপম রায়।

জর্জ টেলিগ্রাফের একটি থিম সঙ্গীতও উদ্বোধন করা হয়। যে সমস্ত মধ্যমেধার পড়ুয়া গতানুগতিক শিক্ষার বাইরে গিয়ে কারিগরি শিক্ষার মাধ্যমে

নিজেদের ভবিষ্যৎ গড়ে তুলতে চায় মূলত তাদের জন্য 'জীবন গড়ার গান' শীর্ষক এই সঙ্গীতটি তৈরি করেছেন অনুপম রায়। ফিউচার শার্প স্কিল লিমিটেডের চিফ অপারেটিং অফিসার গৌতম রায় বলেন, আগামী ১০ বছরের মধ্যে ভারতের প্রায় ৭০ লক্ষ ও পশ্চিমবঙ্গের প্রায় ৫ লক্ষ যুবক-যুবতীকে প্রশিক্ষণ দেওয়ার প্রচেষ্টা রয়েছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হওয়ার পর থেকেই পড়ুয়ারা প্রশিক্ষণ নিতে পারবেন। কোর্স ফি ২৪০০০ টাকা। প্রশিক্ষণ নেওয়ার পাশাপাশি চাকরি করার সুযোগও পাবেন তাঁরা। ফলে প্রশিক্ষণ শেষে

অভিজ্ঞতা থাকার সুবাদে উঁচু পদে যোগদান করতে পারবেন তাঁরা। এদিন জর্জ টেলিগ্রাফের থিম সঙ্গীতটি পরিবেশন করেন অনুপম রায়।

Candid Communication

6-B, Dr. Rajendra Prasad Sarani, (Clive Row) 2nd floor, Kolkata -700001
Phone : 033-2230 4984, 6535 3690, Telefax : 033-2231 3650 , E-mail : info@candidcommunication.net